

# বৈনিক ইন্ডেক্স

বিধ ... ..  
৩৬ কলাম ... ..

## থানায় ছাত্র নির্যাতন দুই পুলিশ অফিসার সাসপেন্ড

ইন্ডেক্স রিপোর্ট ৷ কুল ছাত্র আকরাম খানকে (২৪) পুলিশ রিমান্ড না পেয়েও দুইদিন আটকিয়ে রেখে শারীরিক নির্যাতন করার অভিযোগে গতকাল বৃহস্পতিবার উত্তরা থানার দুই সাব-ইন্সপেক্টরকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। বরখাস্তকৃত এসআইরা হচ্ছেনঃ আবুল কালাম আজাদ ও শরীফুল ইসলাম।

অভিযোগে বলা হয়, গত ১১ই এপ্রিল উল্লিখিত সাব-ইন্সপেক্টরদ্বয় ৫ জনকে উত্তরা এলাকা হতে গ্রেপ্তার করে কোর্টে প্রেরণ করে। সেখান থেকে ৪ জনকে দুইদিনের রিমান্ড দিলেও আকরামকে রিমান্ড মঞ্জুর করা হয়নি। কিন্তু কোর্টের হাজত থেকে ৩ পুলিশ আকরামসহ ৫ জনকে দুইদিনের রিমান্ডে এনে শারীরিক নির্যাতন করে। আকরামের অভিভাবকরা থানায় যোগাযোগ করলে পুলিশ মোটা অঙ্কের উৎকোচ দাবী করে। পরে বেশ কিছু টাকা পুলিশের এসআইদের হাতে তুলে দেয়া হয়। কিন্তু তারপরও থানায় আকরামকে উল্টো করে ঝুলিয়ে প্রহার করা হয়। তদন্তের পর এই দুই পুলিশ কর্মকর্তাকে সাসপেন্ড করা হয়।